



তারিখঃ ৬ জুলাই, ২০২১

### লকডাউনের ৬ষ্ঠ দিনে ঘর থেকে বের হওয়ায় আটককৃত আনুমানিক পাঁচ শতাধিক ব্যক্তির মুক্তি লাভ

করোনা মহামারীর প্রকোপরোধে সারা দেশে চলমান দ্বিতীয় দফা লকডাউনের আজ ৬ষ্ঠ দিনে ঘর থেকে বের হওয়ায় আটককৃত আনুমানিক সাড়ে চারশতাধিক ব্যক্তিকে ১০০/- (একশত টাকা) জরিমানা পরিশোধের বিপরীতে মুক্তি দেয়া হয়েছে এবং আটককৃত অপর ৬০-৭০ জন ব্যক্তিকে ১০০/- (একশত টাকা) জরিমানা পরিশোধ করতে না পারার কারণে ২ ঘন্টা হাজতবাস করিয়ে মুক্তি দেয়া হয়। তাদের প্রত্যেককে ডিএমপি অর্ডিন্যান্সের ৬৯ ধারার (বিধি বিরুদ্ধভাবে কোন দ্রব্য বিক্রয়ের জন্য খোলামেলা রাখিবার শাস্তি) অধীনে জরিমানা প্রদানে ব্যর্থ হবার কারণে আটক করা হয়েছিল।

দ্বিতীয় দফা লকডাউনের শুরু থেকেই ব্লাস্ট এবং আইন ও সালিশ কেন্দ্রের আইনজীবী ও প্যারালিগ্যালরা, এই লকডাউনে জীবন ও জীবিকার তাগিদে এবং জরুরী প্রয়োজনে ঘর থেকে বের হওয়ায় গ্রেফতারকৃত স্বল্প আয়ের ব্যক্তিদের আর্থিক সামর্থ্যের বিষয়টি বিবেচনায় নিয়ে তাদের উপর আরোপিত জরিমানা মওকুফ, বাতিল এবং তাদের আইনী সহায়তা প্রদান করে দ্রুত মুক্তি প্রদানের দাবি জানিয়ে আসছে। এছাড়া লকডাউনে জরুরী প্রয়োজনে ঘর থেকে বের হওয়া ব্যক্তিদের আটক ও জরিমানা আরোপের ক্ষেত্রে ডিএমপি অর্ডিন্যান্সের অপপ্রয়োগ যেন না হয় সে বিষয়ে সুষ্ঠু তদারকির জন্য ব্লাস্টের পক্ষ হতে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

### প্রেক্ষাপট

গণমাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায়, করোনার প্রকোপ রোধে এ পর্যন্ত জীবন ও জীবিকার তাগিদে এবং জরুরী প্রয়োজনে ঘর থেকে বের হওয়া সহস্রাধিক ব্যক্তিকে ডিএমপি অর্ডিন্যান্স, ১৯৭৬ এর ৬৯, ৭৭, ৭৮ এবং ১০০ ধারার অধীনে গ্রেফতার করা হয়েছে।<sup>১</sup> যাদের অধিকাংশই তরুণ, সমাজের নিম্ন আয়ের মানুষ এবং পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। এদের অধিকাংশেরই তাদের উপর আরোপিত জরিমানা/মুচলেকার অর্থ এবং আইনজীবীর ফিস পরিশোধ করার ন্যূনতম সামর্থ্যটুকুও নেই।

উল্লেখ্য যে, লকডাউনে আটককৃত অসচ্ছল অসহায় ব্যক্তিদের সহায়তা প্রদানের লক্ষ্যে আইন ও সালিশ কেন্দ্রের কর্মীদের পাশাপাশি ব্লাস্টের মানবাধিকারকর্মীবৃন্দ ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত প্রাঙ্গনে প্রতিদিন উপস্থিত থাকছেন।

বার্তা প্রেরক

কমিউনিকেশন বিভাগ

ই মেইল: [communication@blast.org.bd](mailto:communication@blast.org.bd)

<sup>1</sup> <https://bdnews24.com/bangladesh/2021/07/04/worried-relatives-crowd-court-as-police-arrest-hundreds-for-going-out-in-lockdown>